গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৮.২১-৪৯৬

তারিখ : ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২৩ সালের (১৪২৯-১৪৩০ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ২৬ জানুয়ারি, বৃহস্পতিবার, ২০২৩ | ১২ মাঘ, ১৪২৯ | ০১ দিন |
| ২. | *মাঘী পূর্ণিমা | ০৫ ফেব্রুয়ারি, রবিবার, ২০২৩ | ২২ মাঘ, ১৪২৯ | ০১ দিন |
| ৩. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ১৮ ফেব্রুয়ারি, শনিবার, ২০২৩ | ০৫ ফাল্গুন, ১৪২৯ | ০০ দিন |
| ৪. | *শব- ই-মিরাজ | ১৯ ফেব্রুয়ারি, রবিবার, ২০২৩ | ০৬ ফাল্গুন, ১৪২৯ | ০১ দিন |
| ৫. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০২৩ | ০৮ ফাল্গুন, ১৪২৯ | ০১ দিন |
| ৬. | শুভ দোলযাত্রা | ০৭ মার্চ, মঙ্গলবার, ২০২৩ | ২২ ফাল্গুন, ১৪২৯ | ০১ দিন |
| ৭. | *শব-ই-বরাত | ০৮ মার্চ, বুধবার, ২০২৩ | ২৩ ফাল্গুন, ১৪২৯ | ০১ দিন |
| ৮. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ, শুক্রবার, ২০২৩ | ০৩ চৈত্র, ১৪২৯ | ০০ দিন |
| ৯. | *পবিত্র রমজান, স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), ইস্টার সানডে (৯ এপ্রিল), বৈসাবি (১২ এপ্রিল), নববর্ষ (১৪ এপ্রিল), *শব-ই-কদর (১৯ এপ্রিল), *জুমাতুল বিদা (২১ এপ্রিল), * ঈদ-উল-ফিতর (২২ এপ্রিল) | ২৩ মার্চ, বৃহস্পতিবার থেকে ২৭ এপ্রিল, বৃহস্পতিবার, ২০২৩ | ৯ চৈত্র, ১৪২৯ থেকে ১৪ বৈশাখ, ১৪৩০ | ২৬ দিন |
| ১০. | মে দিবস | ০১ মে, সোমবার, ২০২৩ | ১৮ বৈশাখ, ১৪৩০ | ০১ দিন |
| ১১. | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | ০৪ মে, বৃহস্পতিবার, ২০২৩ | ২১ বৈশাখ, ১৪৩০ | ০১ দিন |
| ১২. | *পবিত্র ঈদ-উল-আযহা (২৮, ২৯ ও ৩০ জুন) | ২৫ জুন, রবিবার থেকে ০৫ জুলাই, বুধবার, ২০২৩ | ১১ আষাঢ় থেকে ২১ আষাঢ়, ১৪৩০ | ০৯ দিন |
| ১৩. | গ্রীষ্মকালীন অবকাশ, * হিজরী নববর্ষ (২০ জুলাই), *আশুরা (২৯ জুলাই) | ২০ জুলাই, বৃহস্পতিবার থেকে ২ আগস্ট, বুধবার, ২০২৩ | ৫ শ্রাবণ থেকে ১৮ শ্রাবণ, ১৪৩০ | ১০ দিন |
| ১৪. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, মঙ্গলবার, ২০২৩ | ৩১ শ্রাবণ, ১৪৩০ | ০১ দিন |
| ১৫. | শুভ জন্মাষ্টমী | ০৬ সেপ্টেম্বর, বুধবার, ২০২৩ | ২২ ভাদ্র, ১৪৩০ | ০১ দিন |
| ১৬. | * আখেরী চাহার সোম্বা | ১৩ সেপ্টেম্বর, বুধবার, ২০২৩ | ২৯ ভাদ্র, ১৪৩০ | ০১ দিন |
| ১৭. | * ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | ২৮ সেপ্টেম্বর, বৃহস্পতিবার, ২০২৩ | ১৩ আশ্বিন, ১৪৩০ | ০১ দিন |
| ১৮. | দুর্গাপূজা (বিজয়া দশমী ২৪ অক্টোবর), * ফাতেহা-ই-ইয়াজদাহম (২৭ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মীপূজা (২৮ অক্টোবর), * প্রবারণা পূর্ণিমা (২৮ অক্টোবর) | ২০ অক্টোবর, শুক্রবার থেকে ২৮ অক্টোবর, শনিবার, ২০২৩ | ৪ কার্তিক থেকে ১২ কার্তিক, ১৪৩০ | ০৫ দিন |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | শ্রী শ্রী শ্যামাপূজা | ১২ নভেম্বর, রবিবার, ২০২৩ | ২৭ কার্তিক, ১৪৩০ | ০১ দিন |
| ২০. | শীতকালীন অবকাশ, বিজয় দিবস (১৬ ডিসেম্বর), যিশু খ্রিস্টের জন্মদিন (বড়দিন, ২৫ ডিসেম্বর) | ১৩ ডিসেম্বর, বুধবার থেকে ২৭ ডিসেম্বর, বুধবার, ২০২৩ | ২৮ অগ্রহায়ণ থেকে ১২ পৌষ, ১৪৩০ | ১১ দিন |
| ২১. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০২ দিন |
| | | | মোট | ৭৬ দিন |

* চাঁদ দেখার উপর নির্ভরশীল।

## পরীক্ষার সময়সূচি- ২০২৩খ্রি.

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ০১ জুন, ২০২৩ বৃহস্পতিবার থেকে ১৮ জুন, ২০২৩ রবিবার পর্যন্ত | ১২ দিন | ১২ জুলাই, বুধবার, ২০২৩ |
| নির্বাচনি পরীক্ষা | ০১ অক্টোবর, ২০২৩ রবিবার থেকে ১৬ অক্টোবর, ২০২৩ সোমবার পর্যন্ত | ১২ দিন | ০১ নভেম্বর, বুধবার, ২০২৩ |
| বার্ষিক পরীক্ষা | ২৩ নভেম্বর, ২০২৩ বৃহস্পতিবার থেকে ১০ ডিসেম্বর, ২০২৩ রবিবার পর্যন্ত | ১২ দিন | ২৮ ডিসেম্বর, বৃহস্পতিবার, ২০২৩ |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত। সরকার ঘোষিত নির্দেশনার আলোকে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

২. উল্লিখিত পরীক্ষার সময়সূচি অনুযায়ী অর্ধ-বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময় ১২ কর্মদিবসের বেশি হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবেন। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোনো বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতিত বছরে মোট ছুটি থাকবে ৭৬ দিন।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/ পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন অনুষ্ঠেয় ভর্তি কার্যক্রম সম্পাদন ও অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতিত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

৯. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসসমূহ উদ্‌যাপন করতে হবে।

১০. ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করতে হবে।

১১. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষাসপ্তাহ পালন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোসাম্মৎ রহিমা আক্তার)
সিনিয়র সহকারী সচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৮.২১-৪৯৬

তারিখ : ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইস্কাটন রোড, ঢাকা
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. জেলা প্রশাসক, ................................. (সকল)
১১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ......................(সকল)
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১৫. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা........................................... (সকল)
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক...................................
১৯. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
২১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................
২৩. জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. জেলা শিক্ষা অফিসার,..............................................
২৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক)/ যুগ্ম সচিব (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

(মোসাম্মৎ রহিমা আক্তার)
সিনিয়র সহকারী সচিব